<u>**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে।**</u>

শেখ হাসিনার উদ্যোগ

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
**Mymensingh Palli Bidyut Samity-3.**
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

মুজিব বর্ষ

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩. ১৭০৭

তারিখ: ২২ মে, ২০২৩ খ্রিস্টাব্দ
০৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে **"নিরাপত্তা প্রহরী" নিয়োগের নিমিত্তে** "কাজ নাই, মজুরী নাই" শর্তে দৈনিক মুজুরী ভিত্তিতে **"নিরাপত্তা প্রহরী"** পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ-

| পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মুজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| **"নিরাপত্তা প্রহরী (দৈনিক মুজুরী ভিত্তিতে)"** পুরুষদের জন্য সংরক্ষিত | ০৬ (ছয়)টি | ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে নূ্যনতম ১৮ (আঠারো) বছর এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭৪, তাং-২৮/১২/২০২২ খ্রিঃ তারিখের নির্দেশনা অনুযায়ী সর্বোচ্চ বয়স ৬৫ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। | (ক) প্রার্থীকে নূ্যনতম ৮ম শ্রেণী/ সমমান পাশ থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার নূ্যনতম দক্ষতা থাকতে হবে। | দৈনিক ৪০০.০০ (চারশত) টাকা। | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগোলিক এলাকার স্থায়ী ভাবে বসবাসকারী (ময়মনসিংহ সদর আংশিক (ইউনিয়ন-অষ্টধার, কুস্টিয়া বোররচর, পরানগঞ্জ, চরঈশ্বরদিয়া, সিরতা, চরনিলক্ষীয়া), ঈশ্বরগঞ্জ, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া, ও তারাকান্দা উপজেলা) শুধুমাত্র পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

<u>**শর্তাবলীঃ**</u>

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট Web: pbs3.mymensingh.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফর্ম A4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিক সনদ, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

অঃপৃঃদ্রঃ

০৬। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহণযোগ্য হবে না। যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মুজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি প্রদান করা হবে এবং তা বলবৎ থাকবে।

০৭। কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৮। আবেদনপত্র আগামী ০৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।

০৯। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। লিখিত, শারীরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১১। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে প্রার্থীর কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১২। প্রার্থীকে ময়মনসিংহ পবিস-৩ এর ইনডোর উপকেন্দ্র/সুইচিং স্টেশনে নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১৩। প্রার্থীর কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

১৪। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১৫। আবেদনকারী ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করবেন।

২২/৫/২৩
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর/ঈশ্বরগঞ্জ/ফুলপুর/হালুয়াঘাট/ধোবাউড়া/তারাকান্দা উপজেলা, ময়মনসিংহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ------------------------পবিস-১/২/৩/৪।
০৭। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/ঈশ্বরগঞ্জ/ফুলপুর/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৮। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি/প্রশাসন/এইচ.আর), মপবিস-৩।
১০। অফিস কপি/মাস্টার কপি।

২২/৫/২৩
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার